

মোঃ গোলাম রব্বানী
রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ও
কমিশনের সদস্য



জনাব মোঃ গোলাম রব্বানী ১১.১০.১৯৬৫ খ্রিষ্টাব্দ তারিখ ঢাকা জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা মরহুম গোলাম মর্তুজা ও মাতা মরহুমা ফজিলাতুন্নেসা।

তিনি ঢাকা বোর্ডের অধীনে মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয় হতে এ.এস.সি (১৯৮২), রেসিডেন্সিয়াল মডেল কলেজ হতে এইচ.এস.সি (১৯৮৪), ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ হতে এলএল.বি.(অনার্স) (১৯৮৯), এলএল.এম (১৯৯০) ডিগ্রি অর্জন করেন। এরপর তিনি একই বিভাগ হতে ১৯৯৩ খ্রিষ্টাব্দে এম.ফিল গবেষণায় প্রথম পর্বে উত্তীর্ণ হন। তিনি ১৯৯১ খ্রিষ্টাব্দে বাংলাদেশ বার কাউন্সিল হতে আইনজীবী সনদপ্রাপ্ত হয়ে ঢাকা বার এসোসিয়েশনের সদস্য পদ লাভ করেন এবং পরবর্তীতে ১৯৯৩ খ্রিষ্টাব্দে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসাবে সনদপ্রাপ্ত হন।

জনাব মোঃ গোলাম রব্বানী ১৯৯৪ খ্রিষ্টাব্দে ১৩তম বিসিএস (জুডিসিয়াল) ব্যাচে সহকারী জজ হিসাবে যোগদান করে পদোন্নতি পেয়ে সিনিয়র সহকারী জজ, যুগ্ম জেলা ও দায়রা জজ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি ২০১৬ খ্রিষ্টাব্দে জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি পান।

জনাব রব্বানী দুর্নীতি দমন কমিশনের পরিচালক (লিগ্যাল) (২০১৩-২০১৫), সদস্য, শ্রম আপীল ট্রাইব্যুনাল (২০১৬-২০১৭) এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার হিসাবে (২০১৭-২০২২) প্রেষণে দায়িত্ব পালন করেছেন।

কর্মজীবনে দেশ ও বিদেশে প্রশিক্ষণ গ্রহণসহ সমসাময়িক বিষয়ে অসংখ্য সেমিনার এবং ওয়ার্কশপে জনাব মোঃ গোলাম রব্বানী অংশগ্রহণ করেন। তিনি Judicial Administration Training Institute (JATI), Bangladesh Institute of Administration and Management (BIAM) এবং Police Academy তে প্রশিক্ষক হিসাবে কাজ করার অভিজ্ঞতা অর্জন করেছেন। বিগত ২০১০ খ্রিষ্টাব্দে যুক্তরাজ্যের আদালত ব্যবস্থাপনা, কারাগার ব্যবস্থাপনা, প্রবেশন ব্যবস্থাপনা ও অমবুডসম্যান কার্যালয় পরিদর্শন করেন ও সম্যক ধারণা লাভ করেন। তিনি লন্ডন শহরের গুরুত্বপূর্ণ Crown Court এবং ব্যস্ততম West Minister Magistrate Court সহ বিভিন্ন প্রকার মন্ত্রণালয় ও দপ্তর পরিদর্শন করে আধুনিক Court Administration, Case Management, Prison Management এবং Probation Department বিষয়ে বিশেষ অভিজ্ঞতা অর্জন করেন। জনাব রব্বানী ২০১৩ সালে জাপানের টোকিও শহরে অবস্থিত জাতিসংঘের বিশেষায়িত প্রতিষ্ঠান “United Nations Asia and Far East Institute” এ সমকালীন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ

শেষে জনাব মোঃ গোলাম রব্বানী কর্তৃক উপস্থাপিত প্রবন্ধ “Criminal Justice Response to Corruption” উক্ত আন্তর্জাতিক ইনস্টিটিউটের ২০১৪ খ্রিষ্টাব্দের Journal এ (Page : 210-222) প্রকাশিত হয়েছে।

দুর্নীতি দমন কমিশনে কর্মরত থাকাকালে তাঁর লিখিত “Law and Legal Decisions on Corruption” আগস্ট ২০১৪ খ্রিষ্টাব্দে প্রকাশিত বইটি আদালতসমূহের (Special Court) বিচারক এবং প্রসিকিউটরগণ কর্তৃক বহুল ব্যবহৃত ও প্রশংসিত হয়েছে।

সিনিয়র জেলা ও দায়রা জজ জনাব মোঃ গোলাম রব্বানী গত ০৬.১০.২০২২ খ্রিষ্টাব্দে বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল পদে যোগদান করে অদ্যাবধি অর্পিত দায়িত্ব পালন করছেন। তিনি পারিবারিক জীবনে দুই কন্যা ও এক পুত্র সন্তানের জনক।